ছাত্রদল নেতা কনক কান্তি দাসের পিতার মৃত্যুতে জেলা ও মহানগর ছাত্রদলের শোক

চেম্বার ডেস্ক ::

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল সিলেট মহানগর শাখার ১৬নং ওয়ার্ডের আহবায়ক কনক কান্তি দাসের পিতার মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছেন সিলেট জেলা ও মহানগর ছাত্রদলের নেতৃবৃন্দ।

সিলেট মহানগর ছাত্রদলের দপ্তর সম্পাদক আবুল হাসনাত সাজ্জাদ সাক্ষরিত এক শোকবার্তায় সিলেট জেলা ছাত্রদলের সভাপতি আলতাফ হোসেন সুমন , মহানগর ছাত্রদলের সভাপতি সুদীপ জ্যোতি এষ , সাধারণ সম্পাদক ফজলে রাব্বি আহসান ও জেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন নাদিম।

নেতৃবৃন্দ মরহুমের বিদেহি আত্মার ___শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।